

আমার আবেদনপত্র পূরণ করার জন্য আপনার কী কী তথ্য লাগবে?

- আপনার নাম, জন্মতারিখ, ঠিকানা
- সোশ্যাল সিকিউরিটি নম্বর
- আপনার সাথে বসবাসরত মানুষের নাম ও বয়স
- আপনার মোট সাংসারিক আয়
- আপনার মাসিক ব্যয়

অনুগ্রহ করে আপনার আবেদন পত্র স্বাক্ষর এবং
আপনার নথিপত্রের শুধু **প্রতিলিপি** পাঠান - মূল
কাগজ আপনার কাছেই রাখুন!

আইন কানুন অনুযায়ী, আবেদন প্রক্রিয়ার সময়ে সংগৃহীত
সকল ব্যক্তিগত তথ্য ও নথিপত্র নিরাপদ ও গোপনীয়
রাখতে হবে।



আপনি বয়স কি 60 বছর বা তার বেশি এবং আপনি কি জীবনযাপনের প্রয়োজন মেটাতে সমস্যায় আছেন?

প্রতিদিন, আপনারই মতো বয়স্ক প্রাপ্তবয়স্করা
স্বাস্থ্যবান থাকতে পুষ্টিকর খাবার কেনার জন্য
SNAP সুবিধা পায়।



বিভিন্ন সুবিধা পেতে আপনার যোগ্যতা যাচাই করুন
এবং SNAP-এর জন্য আবেদন করুন এখানেঃ

myBenefits.ny.gov

আরো তথ্যের জন্য

800-342-3009

প্রতিষ্ঠানটি সম সুযোগ প্রদান করে।



Office of Temporary
and Disability Assistance

otda.ny.gov

Pub-4716-BE (Rev. 2/16)

প্রতিদিন, আপনারই মতো বয়স্ক প্রাপ্তবয়স্করা সাপ্লিমেন্টাল নিউট্রিশন আসিস্ট্যান্স প্রোগ্রাম (Supplemental Nutrition Assistance Program, SNAP) পায়



SNAP
Supplemental Nutrition
Assistance Program

অস্বাস্থ্যী ও বিকলাঙ্গদের সহায়তা দপ্তরের একটি কার্যক্রম

আপনার জন্য SNAP সুবিধা!



সম্পূরক পুষ্টি সহায়তা প্রোগ্রাম (SNAP) নিম্ন-আয়ের মানুষকে পুষ্টিকর খাবার কিনতে সাহায্য করে।

প্রতি বছর, **আপনারই মতো** বহু মানুষ SNAP ব্যবহার করে দৈনন্দিন প্রয়োজন মেটায়ে।

উপযুক্ত সবার SNAP পাওয়ার অধিকার আছে - এবং আপনি অন্য কারো সুবিধা কেড়ে নিচ্ছেন না। SNAP যোগ্য সবাইকে সাহায্য করবে!

আপনার যদি একটি বাড়ি এবং/অথবা গাড়ি থাকে, ব্যাল্কে টাকা থাকে, বা যদি আপনি অন্য কারো সাথে থাকেন, তাহলেও আপনি উপযুক্ত হতে পারেন।

একবার SNAP সুবিধার জন্য যোগ্য হলে, আপনাকে ডেবিট কার্ডের মতো দেখতে একটি প্লাস্টিকের কার্ড দেওয়া হবে যা দিয়ে আপনি অংশগ্রহণকারী দোকান, চাষিদের বাজার, অন্যান্য স্থান থেকে মুদি জিনিসপত্র কিনতে পারেন।

আমি কীভাবে জানবো আমি উপযুক্ত কিনা?

আপনার উপযুক্ততা ও সুবিধার পরিমাণ নির্ণয় করতে SNAP আপনার আয় এবং আশ্রয় ও চিকিৎসাসংক্রান্ত ব্যয়ের মতো কিছু বিশেষ যাচাইকৃত ব্যয় ব্যবহার করে।

আপনি যদি কাজ করেন, সামাজিক নিরাপত্তা (Social Security), সম্পূরক নিরাপত্তা আয় (Supplemental Security Income, SSI) এবং/অথবা অবসর সুবিধা প্রাপ্ত হন, তারপরেও আপনি SNAP-এর যোগ্য হতে পারেন।

পাঁচটি সাধারণ SNAP ভুল ধারণা

ভুল ধারণাঃ SNAP (খাদ্য স্ট্যাম্প) একটি কল্যাণ কর্মসূচি।

সত্যঃ SNAP একটি পুষ্টি কর্মসূচি যা অর্থকষ্টে থাকা মানুষকে পুষ্টিকর খাদ্য কিনতে সাহায্য করে।

ভুল ধারণাঃ SNAP-এর জন্য আবেদন করা জটিল, আবেদনপত্র অতিরিক্ত লম্বা।

সত্যঃ SNAP-এর জন্য আবেদন করা কখনোই এখনকার মতো সহজ ছিল না! আপনি myBenefits.ny.gov এ অনলাইনে, মেইলের মাধ্যমে, ফ্যাক্স করে, বা আপনার স্থানীয় সামাজিক সেবা অধিদপ্তর (Department of Social Services) বা নিউ ইয়র্ক শহরের মানব সম্পদ প্রশাসন কেন্দ্রে (New York City Human Resource Administration Center) নিজে গিয়ে আবেদন করতে পারবেন। আপনার সবথেকে কাছের অফিসের জন্য 800-342-3009 নম্বরে ফোন করুন।

ভুল ধারণাঃ আপনাকে সাক্ষাৎকারের জন্য SNAP অফিসে যেতেই হবে।

সত্যঃ বেশিরভাগ SNAP আবেদনকারীর সাক্ষাৎকার ফোনে নেওয়া হয়। এমনকি, আপনি আপনার পক্ষে আবেদন ও সাক্ষাৎকার দেওয়ার জন্য একজন অনুমোদিত প্রতিনিধি নির্বাচন করতে পারেন। আপনার অনুমতি সহকারে, এই ব্যক্তি আপনার SNAP সুবিধা ব্যবহার করে আপনার জন্য খাবারও কিনতে পারবে!

ভুল ধারণাঃ যখন আপনার SNAP সুবিধা হিসাব করা হয় তখন আপনি মেডিক্যাল ও প্রেসক্রিপশন ওষুধের জন্য ক্রেডিট পাবেন না।

সত্যঃ আপনার কর্মীকে জানান যে আপনি নিজের পকেট থেকে চিকিৎসা খরচ চালাচ্ছেন; এর ফলে আপনার SNAP সুবিধার পরিমাণ বৃদ্ধি পেতে পারে।

ভুল ধারণাঃ অন্য সবাই ছেনে যাবে যে আমি SNAP সুবিধা ব্যবহার করি।

সত্যঃ যারা SNAP সুবিধা পায়, তারা মুদি দোকানে ব্যবহারের জন্য একটি প্লাস্টিকের কার্ড পায়। দোকানে মূল্য পরিশোধের সময় মেশিনে কার্ডটি ব্যবহার করলে, কেউ জানতে পারবে না যে আপনি SNAP সুবিধা ব্যবহার করে মূল্য পরিশোধ করছেন।